

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং- ১৬৩-আইন/২০১৭/০৬-মুসক ১- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর-

- (ক) ধারা ২ এর দফা (ব) ও (য), ধারা ৩ এর উপ-ধারা (৫), ধারা ৫ এর উপ-ধারা (২), (৪) এর শর্তাংশ ও (৭), ধারা ৬ এর উপ-ধারা (৪ক), ধারা ৮ঘ, ধারা ২০ এর উপ-ধারা (১), ধারা ২১ এর শর্তাংশ, ধারা ২২ এর উপ-ধারা (১), ধারা ২৩, ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ, ধারা ৩২ এবং ধারা ৪১খ এর অধীন জারিকৃত প্রজ্ঞাপনসমূহ; এবং
- (খ) ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ২ এর দফা (গ) এর উপ-দফা (আ) ও দফা (শ) এর উপ-দফা (আ) ও (ই), ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, (২ক) ও (৪ক), ধারা ৬ এর উপ-ধারা (৪), (৪ক), (৪কক) এর শর্তাংশ, (৪খ) ও (৫), ধারা ৮ এর উপ-ধারা (২),(৩) ও (৪), ধারা ৮ঘ, ধারা ৯ এর উপ-ধারা (১৮), (১ঠ), (৩) ও (৪), ধারা ১২, ধারা ১৩ এর উপ-ধারা (৪), ধারা ১৪ এর উপ-ধারা (১ক) ও (২), ধারা ১৫ এর উপ-ধারা (১) ও (২) এর দ্বিতীয় শর্তাংশ, ধারা ১৬ এর উপ-ধারা (২), ধারা ১৭ এর উপ-ধারা (১) ও (২), ধারা ১৯ এর উপ-ধারা (১), (২) ও (৩), ধারা ২০ এর উপ-ধারা (১), ধারা ২৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশ, ধারা ৩০, ধারা ৩১ এর উপ-ধারা (১), (১৮) ও (২), ধারা ৩২, ধারা ৩৩ এর উপ-ধারা (২), ধারা ৩৫, ধারা ৩৬ এর উপ-ধারা (১) ও (৩), ধারা ৩৯ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৪০, ধারা ৪১ক, ধারা ৪১গ, ধারা ৪১ঘ, ধারা ৪১ঙ, ধারা ৪১চ, ধারা ৪১জ এর উপ-ধারা (৮), ধারা ৪৬ এর উপ-ধারা (২), ধারা ৫৬ এর উপ-ধারা (১), ধারা ৬৬, ধারা ৬৭ এর উপ-ধারা (১), ধারা ৬৯, ধারা ৭০, ধারা ৭১ক, ধারা ৭১কক ও ৭১খ এবং বিধি ৩ক, বিধি ১৬ এর উপ-বিধি (১), বিধি ২৯ এর উপ-বিধি (৬) ও বিধি ৩০ এর উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, জারিকৃত বিধিসমূহ এবং উক্ত বিধিসমূহের অধীন জারিকৃত প্রজ্ঞাপনসমূহ, যদি থাকে,

তদোধীন ক্ষমতাবলে এতদ্বারা রহিত করিল।

০২। উপরি-উক্ত রহিত প্রজ্ঞাপন বা বিধিসমূহের অধীন কোন কর বা ফি বা অন্য কোন পাওনা অনাদায়ী থাকিলে বা কোন কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে আদায় বা নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত প্রজ্ঞাপন বা বিধিসমূহ রহিত করা হয় নাই।

০৩। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান